অতিব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৭ পালনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব ইকরামুল হক, অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে) স্থানীয় সরকার বিভাগ।

সভার তারিখ ও সময় ঃ ১৩/০৭/২০১৭, সকাল ১১.০০ টা

স্থান ঃ স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ (কক্ষ নং- ৬০১, ভবন-৭, বাংলাদেশ সচিবালয়)

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

২। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সভাকে অবহিত করেন যে, আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৭ পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে সভা আহবান করা হয়। সভায় বিস্তারিত আলোচনায় ১৫ আগস্ট ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি গৃহীত হয়:

নং	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	১৫ আগস্ট, ২০১৭ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	• স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান;
০২	সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত । ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	• ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
০৩	১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া। • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্হাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	• ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

০৪	ক) ১৫ আগস্ট, ২০১৭ তারিখ ০৭.৩০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ। এ লক্ষ্যে ০৭.০০ টায় স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা ওয়াসা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণ কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তায় সমবেত হবেন। খ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থলে ও পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।	• স্থানীয় সরকার বিভাগ • জন্ম ও মৃত্যু নিবন্ধন • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • ঢাকা ওয়াসা • জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট • ঢাকা মশক নিবারণী দপ্তর • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
০৫	স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ভবন চত্বরে সুবিধাজনক সময়ে দোয়া মাহফিলের আয়োজন করবে।	• স্হানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
০৬	ক) ১৭ আগস্ট, ২০১৭ তারিখ বিকাল ০৩.০০ টায় জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তরের মিলনায়তনে সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সভাপতিত্বে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সমন্বয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি: খন্দকার মোশাররফ হোসেন, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি: জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ উপস্থিত থাকবেন। খ) ১৭ আগস্ট, ২০১৭ তারিখ বিকাল ০৩.০০ টায় জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তরের মিলনায়তনে অনুষ্ঠেয় আলোচনা সভায় স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা মশক নিবারণী দপ্তর ও ঢাকা ওয়াসার কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থাকবেন। গ) প্রধান প্রকৌশলী, জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	• স্থানীয় সরকার বিভাগ • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • ঢাকা ওয়াসা • জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট • জন্ম ও মৃত্যু নিবন্ধন • ঢাকা উত্তর সিটি কর্পোরেশন • ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন • ঢাকা মশক নিবারণী দপ্তর
০৭	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তর, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা মশক নিবারণী দপ্তর এবং সকল ওয়াসা দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়নসহ মিলাদ মাহফিল, আলোচনা সভা, চিত্রাংকন/রচনা প্রতিযোগিতার আয়োজন করবে। স্ব স্ব অনুবিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি তদারকি করবে।	• অনুবিভাগ প্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ। • স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর • জন্ম ও মৃত্যু নিবন্ধন • জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর • জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট • ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/ রাজশাহী ওয়াসা/ খুলনা ওয়াসা • ঢাকা মশক নিবারণী দপ্তর

০৮	ক) দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। খ) স্ব স্ব অনুবিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি তদারকি করবে।	• অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ • মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ • অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করেন এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
২৫/৭/২০১৭
(ইকরামুল হক)
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্বে)
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.৪২.০০০০.০০০.১৬.০০১.১৫(১). ৭৮৫০

তারিখঃ ২২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

৬/৮/১৭
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
.... জেলা পরিষদ ।

অনুলিপি ঃ
১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ... জেলা পরিষদ।
৪। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

com-3/D:\2016-17\Document\Endorse\Letter.doc-7